

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.২২৬

তারিখ: ০৪ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
১৭ ফেব্রুয়ারী ২০২১ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক
সামারসেট প্রোপার্টিজ লিঃ
সামারসেট ড্রিম স্কয়ার
প্লট-১/১, রোড-৩, ব্লক-ডি
সেকশন-১৫, মিরপুর, ঢাকা।
ফোন-০১৭১৩-১৭৩০৩১।

QF-PRJ-06

বিষয়ঃ লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি।

- সূত্রঃ (১) আবেদন নথি নং-৪৫৩০ (কাফরুল), এসই (পিএভিডি)-২২১৬, তাং-০৯/১২/২০১৮।
(২) স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৯.১৫৯, তাং-২৮/০১/২০১৯।
(৩) স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৯.৬২৮, তাং-২৯/০৪/২০১৯।
(৪) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৯.১৪০৪, তাং- ১৭/১০/২০১৯।
(৫) ২৬/১১/২০১৯ তারিখের পে-অর্ডার নং-২৫৫৭৫৪২ (এনসিসি ব্যাংক লিঃ), টাকা = ৩২,৫০০/-
(৬) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৯.১৬২৭, তাং- ২৮/১১/২০১৯।
(৭) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.২০৫, তাং- ১৪/০২/২০২১।
(৮) ১১/০২/২০২১ তারিখের পে-অর্ডার নং-২৯৫০৯৩৯ (এনসিসি ব্যাংক লিঃ), টাকা = ৪৫,০০০/-

বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, 'সামারসেট ড্রিম স্কয়ার', প্লট-১/১, রোড-৩, ব্লক-ডি, সেকশন-১৫, মিরপুর, ঢাকা স্থাপনার জন্য ৮০০ (আটশত) কিঃওঃ লোডের আবেদনের প্রেক্ষিতে সাময়িকভাবে ওভারহেড বৈদ্যুতিক লাইন থেকে আংশিক লোড হিসেবে অনূর্ধ্ব ৫০০ (পাঁচশত) কিঃওঃ লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির আবেদনের প্রেক্ষিতে জুন-২০২১ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্রের মেয়াদ বর্ধিত করা হলোঃ-

শর্তসমূহঃ

- ১। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রযোজ্য হবে।
- ২। বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- ৩। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (কাফরুল) বরাবর আবেদন করতে হবে।
- ৪। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকো'র 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- ৫। সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- ৬। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।
- ৭। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ৮। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ৯। বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে পর্যাপ্ত লোড সংকুলান না হলে কিংবা অন্য কারণে চাহিত সময়ে সংযোগের বিষয়ে এই পত্র নিশ্চয়তা বিধান করে না।
- ১০। সংশ্লিষ্ট ১১ কেভি ফিডার ও ৩৩ কেভি সোর্সের লোড সংকুলান সাপেক্ষে বর্ণিত পরিমাণ লোডের সংযোগ প্রদান করা হবে।
- ১১। বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু করার বিষয়টি বিবেচনায় নিয়ে ওভারহেড লাইন হতে সাময়িকভাবে অনূর্ধ্ব ৫০০ কিঃওঃ লোড ব্যবহার করা যাবে।
- ১২। ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলে, কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility DESCO'র সম্পদ বলে গণ্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- ১৩। ভবিষ্যতে ৫০০ কিঃওঃ লোডের উর্ধ্বে বৈদ্যুতিক লোড বৃদ্ধির সময় সূত্র-৩ মোতাবেক RMU স্থাপন ও অবকাঠামো নির্মাণের প্রাক্কলিত ব্যয় পরিশোধ পূর্বক অবকাঠামো নির্মাণ ও ভূগর্ভস্থ লাইনের মাধ্যমে সংযোগ গ্রহণ করতে হবে।
- ১৪। উক্ত ছাড়পত্র জুন-২০২১ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকো'র সার্বিক কার্যক্রমে আপনাদের সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,


১৭/২/২০২১
(প্রকৌঃ মোঃ নজরুল ইসলাম)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএভিডি), ডেসকো।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

- ১। প্রধান প্রকৌশলী (পিএভিডি), ডেসকো।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএভিডি অপারেশন, ওয়েস্ট জোন-১।
- ৩। নির্বাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (কাফরুল)।
- ৪। অফিস কপি।